

## এফসিএনআর(বি)আমানতে সুদের হার

আরবিআই/2013-14/483

ইউবিডি.বিপিডি.এডি.সার.নং 7/13.01.000/2013-14

মুখ্য নির্বাহী আধিকারিক

সমস্ত এডি শ্রেণী I - ইউসিবি

প্রিয় মহাশয় / মহাশয়া

## এফসিএনআর(বি) আমানতে সুদের হার

অনুগ্রহ করে আমাদের আগস্ট 21, 2013 তারিখের সার্কুলার নং ইউবিডি.বিপিডি.এডি.সার.নং.2/13.01.000/2013-14 দেখবেন যেখানে যথাক্রমে এক বছর থেকে অনুষ্ট তিন বছর এবং তিন থেকে পাচ বছরের মেয়াদের জন্য এফসিএনআর(বি)আমানতের উপর সুদের হারের উর্ধ্বসীমা প্রস্তাব করা হয়েছে। এই নির্দেশগুলি নভেম্বর 30, 2013 পর্যন্ত কার্যকরী ছিল। অধিকন্তু, আমাদের ডিসেম্বর 02, 2013 তারিখের সার্কুলার ইউবিডি.বিপিডি.এডি.সার.নং.5/13.01.000/2013-14-এর অনুচ্ছেদ 2 অনুসারে এই নির্দেশগুলির সময়সীমা পর্যালোচনা সাপেক্ষে জানুয়ারি 31, 2014 পর্যন্ত প্রসারিত করা হল।

2. পর্যালোচনার ভিত্তিতে এবং ব্যাঙ্কগুলিকে কিছুটা সময় দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উপরোক্ত আগস্ট 21, 2013 তারিখের সার্কুলার অনুযায়ী এফসিএনআর(বি) আমানতের উপর সুদের হারের উপর প্রস্তাবিত উর্ধ্বসীমা ফেব্রুয়ারি 28, 2014 পর্যন্ত জারি থাকবে এবং আগস্ট 14, 2013-এর পূর্ববর্তী উর্ধ্বসীমায় নিম্নে দেওয়া উপায়ে ফিরে যাবে:

মেয়াদপূরণের সময়সীমা	বর্তমান	বলবৎ হবে মার্চ 1, 2014 থেকে
1 বছর থেকে 3 বছরের নীচে	লিবর/সোয়াপ যোগ 200 বেসিস পয়েন্ট	কোন বদল নেই
3-5 বছর	লিবর/সোয়াপ যোগ 400 বেসিস পয়েন্ট	লিবর/সোয়াপ যোগ 300 বেসিস পয়েন্ট

3. এই বিষয়ে অন্যান্য সমস্ত নির্দেশ, যেগুলি সময় সময়ে সংশোধিত হয়েছে, অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(এ.কে. বেরা)

প্রধান মুখ্য মহাপ্রবন্ধক